# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১০০০

১০/ কাফন-দাফন (كتاب الجنائز عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ বিলাপ অনুষ্ঠান করা দোষণীয়।

## باب مَا جَاءَ فِي كَرَاهِيَةِ النَّوْحِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا قُرَّانُ بْنُ تَمَّامٍ الأَسَدِيُّ، وَمَرْوَانُ بْنُ مُعَاوِيَةَ، وَيَزِيدُ بْنُ هَارُونَ، عَنْ سَعِيدِ بْنِ عُبَيْدٍ الطَّائِيِّ، عَنْ عَلِيِّ بْنِ رَبِيعَةَ الأَسَدِيِّ، قَالَ مَاتَ رَجُلٌ مِنَ الأَنْصَارِ يُقَالُ لَهُ قَرَظَةُ بْنُ كَعْبٍ فَنِيحَ عَلَيْهِ فَجَاءَ الْمُغِيرَةُ بْنُ شُعْبَةَ فَصَعِدَ الْمِنْبَرَ فَحَمِدَ اللَّهَ وَأَثْنَى عَلَيْهِ وَقَالَ مَا بَالُ النَّوْحِ فِي الإِسْلاَمِ أَمَا إِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " مَنْ نِيحَ عَلَيْهِ عُذِّبَ بِمَا نِيحَ عَلَيْهِ " . وَفِي الْبَابِ عَنْ عُمَرَ وَعَلِيٍّ وَأَبِي مُوسَى وَقَيْسِ بْنِ عَاصِمٍ وَأَبِي هُرَيْرَةَ وَجُنَادَةَ بْنِ مَالِكٍ وَأَنَسٍ وَأُمِّ عَطِيَّةَ وَسَمُرَةَ وَأَبِي مَالِكٍ الأَشْعَرِيِّ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ الْمُغِيرَةِ حَدِيثٌ غَرِيبٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

১০০০. আহমাদ ইবনু মানী (রহঃ) ...... আলী ইবনু রাবীআ আল-আসা’দী (রহঃ) থেকে বর্ণিত যে, তিনি বলেন, কারাযা ইবনু কা’ব নামক জনৈক আনসারী ব্যক্তি মারা গেলে তার জন্য বিলাপ করে কান্না-কাটি শুরু হয়। তখন মুগীরা ইবনু শু’বা এসে মিম্বরে আরোহণ করলেন এবং আল্লাহর হামদ ও ছানার পর বললেন, ইসলামী যুগে এই ধরণের বিলাপের অবকাশ কোথায়? আমি তো রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি যার সম্পর্কে বিলাপ করে কাঁদা হয় তাকে বিলাপ অনুসারে আযাব দেওয়া হয়। - আল আহকাম ২৮, ২৯, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১০০০ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে উমার, আলী, আবূ মূসা, কায়স ইবনু আসিম, আবূ হুরায়রা, জুনাদা ইবনু মালিক আনাস, উম্মু আতিয়্যা, সামুরা ও আবূ মালিক আল- আশআরী (রাঃ) থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, মুগীরা (রাঃ) বর্ণিত হাদিসটি গারীব-হাসান-সহীহ্।

## English

Ali bin Rabi'ah Al-Asadi said:
"A man died among the Ansar named Qarazah bin Ka'b, and he was being wailed over. So Al-Mughirah bin Shu'bah came and ascended the Minbar. He uttered thanks and praise to Allah and said: "As for the gravity of wailing in Islam, indeed I heard the Messenger of Allah saying: 'The one who is wailed over is punished as long as he is being wailed over.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আলী ইবনু রাবী'আ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=18189

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন